# গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট নং-এফ/১৮-এ, শেরে বাংলানগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয়ঃ জিটিসিএল-এর ২০২৪-২০২৫ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌ. মোঃ আনোয়ারুল ইসলাম<br>ব্যবস্থাপনা পরিচালক, চলতি দায়িত্ব ও সভাপতি, নৈতিকতা কমিটি। |
| সভার তারিখ | : | ৩০-০১-২০২৫ |
| সভার সময় | : | বেলা ৩.০০ ঘটিকা |
| স্থান | : | জিটিসিএল কনফারেন্স রুম |
| উপস্থিতি | : | সংলগ্নী-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রতিষ্ঠান ভিত্তিক শুদ্ধাচার চর্চার পাশাপাশি ব্যক্তিগতভাবে শুদ্ধাচার পরিপালনের জন্য তিনি উপস্থিত সকলকে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে জিটিসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) কোম্পানিতে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ অনুযায়ী ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ, ২০২৫) লক্ষ্যমাত্রার বিষয়ে আলোকপাত করেন। তিনি শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট কর্তৃক কার্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে বাস্তবায়িতব্য কার্যক্রম সম্পর্কে বিস্তারিত অবহিত করেন। ভবিষ্যতে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনে "ক্রয় ক্ষেত্রে শুদ্ধাচার" বিষয়টিকে গুরুত্ব প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট প্রধানগণ নির্ধারিত সময়ের মধ্যে ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ, ২০২৫) এ তাদের জন্য নির্দিষ্ট কার্যক্রম সম্পাদনের বিষয়ে অঙ্গীকার ব্যক্ত করেন।

বিস্তারিত আলোচনান্তে, সভাপতি নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্টকে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে সরাসরি/টেলিফোনে যোগাযোগের মাধ্যমে যথাসময়ে কার্যক্রমসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

২.১। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৫)-এর অগ্রগতি ও বাস্তবায়ন প্রতিবেদন যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।

২.২। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৫)-এর ক্রমিক-১.৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী এইচ আর ডিভিশন কর্তৃক ১৫০ জন কর্মকর্তা/কর্মচারী-কে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.৩। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৫) এর ক্রমিক-১.৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যে অকেজো ফার্নিচার বিনষ্টকরণ/নিষ্পত্তিকরণ সংক্রান্ত কার্যক্রম সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে।

২.৪। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৫)-এর ক্রমিক-৩.১ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট হতে সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ প্রতিবেদন সংগ্রহ করতে হবে।

চলমান পাতা-২

২.৫। নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্তৃক শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৪-২০২৫ অনুযায়ী বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে সরাসরি/টেলিফোনে যোগাযোগের মাধ্যমে যথাসময়ে কার্যক্রমসমূহ বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

**কার্যব্যবস্থায়ঃ**

-সংশ্লিষ্ট ডিভিশন/প্রকল্প/ডিপার্টমেন্ট প্রধান,............................................................, জিটিসিএল।

-সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট,............................................................, জিটিসিএল।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

6/2/2025

(প্রকৌ. মোঃ আনোয়ারুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক, চলতি দায়িত্ব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি।

**বিতরণঃ**

১। সকল ডিভিশন প্রধান ............................................................, জিটিসিএল।

২। ফোকাল পয়েন্ট, এপিএ টিম/ইনোভেশন টিম/সিটিজেন চার্টার/তথ্য অধিকার আইন--------------------------------, জিটিসিএল।

**অনুলিপিঃ**

১। উপ-মহাব্যবস্থাপক (নেট. সিস-এডমিন এন্ড ডাটা ম্যানেজমেন্ট), জিটিসিএল।— কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করবেন।

২। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, জিটিসিএল।

৩। অফিস কপি।